

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -৩১২৮(আগরতলা, ৬।১২)
কমলপুর, ৬ ডিসেম্বর, ২০১৮

৬৪তম জাতীয় স্কুল ক্রীড়া : ১০-১১ কমলপুরে
অনূর্ধ্ব ১৭ মহিলা ফুটবল প্রতিযোগিতা

৬৪তম জাতীয় স্কুল ক্রীড়ার অন্তর্গত অনূর্ধ্ব ১৭ মহিলাদের ফুটবল প্রতিযোগিতার চূড়ান্ত প্রস্তুতি চলছে কমলপুরে। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ১০-১১ ডিসেম্বর। ৯ ডিসেম্বর আগরতলায় জাতীয় স্কুল ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন হবে। এরপর কমলপুরে গ্রুপ পর্যায়ের খেলা অনুষ্ঠিত হবে মায়াছড়ি চা বাগান মাঠে ও কমলপুর ডিগ্রী কলেজের মাঠে। ১০ ডিসেম্বর সন্ধ্যায় খেলোয়াড়দের মনোরঞ্জনের জন্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগরতলা থেকে আগত বিশিষ্ট শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন।
